গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ।

অফিস আদেশ ।

তাং

নরসিংদী জেলার মনোহরদী থানাধীন জামালপুর আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিকে ( ৬ষ্ঠ হইতে ৮ম শ্রেণী পর্যন্ত ) নিম্নবর্ণিত শর্তে ১-১-৯৩ ইং হইতে স্থাপনের পূর্বানুমতি প্রদান করা হইল ।

শর্তসমূহঃ

১। বিদ্যালয়ের নামে জমি খারিজ করিয়া দিলে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হইবে ।
২। শ্রেণী কক্ষে সিলিং দিতে হইবে এবং মেঝে পাকা করিতে হইবে ।
৩। মেয়েদের জন্য পাকা টয়লেট নির্মান করিতে হইবে ।
৪। বয়স্কাউট খুলিতে হইবে ।
৫। ২,০০০/-টাকার ম্যাপ চার্ট ক্রয় করিতে হইবে ।
৬। শ্রেণী শিক্ষার মান উন্নত করিতে হইবে ।

স্বাঃ- আফরোজা বেগম
উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ।

নং- নর-ভুঃ-১৬০/ ২০৩৯/৬ তাং ২৫/১/৯৩ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল ঃ-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ।
২। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী ।
৩। প্রধান শিক্ষক, জামালপুর আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, পোঃ-বড়চাপা, থানা-মনোহরদী, নরসিংদী ।

কামরুন্নাহার বেগম ২৫/১/৯৩
পক্ষে উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

## অফিস আদেশ।

তাং

নরসিংদী জেলার মনোহরদী থানাধীন জামালপুর আদর্শ নিম্নমাধ্যমিক বিদ্যালয়টিকে (৬ষ্ঠ হইতে ৮ম শ্রেণী পর্যন্ত) নিম্নবর্ণিত শর্তে ১-১-৯৪ইং হইতে ৩১-১২-৯৫ইং পর্যন্ত ২(দুই) বৎসরের জন্য প্রথম একাডেমিক স্বীকৃতি প্রদান করা হইল।

শর্তসমূহঃ-

১। ০.৭১ শতাংশ জমি ১ বছরের মধ্যে রেজিস্ট্রি অথবা খরিদ করিয়া একখন্ডে একত্রিকরণ করিতে হইবে

২। এই স্বীকৃতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না। সরকারী অনুদান দাবী করিবেন না এই মর্মে বিদ্যালয় কর্তৃপক্ষ অংগীকারনামা পেশ করিয়াছেন।

৩। বিধি মোতাবেক বিদ্যালয়ে এডহক কমিটি গঠন করিতে হইবে।

৪। শ্রেণী কক্ষে সিলিং দিতে হইবে এবং মেঝে পাকা করিতে হইবে।

৫। মেয়েদের জন্য পাকা টয়লেট নির্মান করিতে হইবে।

৬। বয়স্কাউট খুলিতে হইবে।

৭। ২,০০০/-টাকার ম্যাপ/চার্ট ক্রয় করিতে হইবে।

৮। শ্রেণী শিক্ষার মান উন্নত করিতে হইবে।

স্বাঃ- মোঃ খলিলুর রহমান
উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

স্মারক নং-নর-১৬০/৩২০৮(৩) তাং ৬/৮/৯৪ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল :-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। তাঁহার স্মারক নং-২০৯৭৪-ম তাং ২৬-৭-৯৪ইং মোতাবেক।

২। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।

৩। প্রধান শিক্ষক, জামালপুর আদর্শ নিম্নমাধ্যমিক বিদ্যালয়, পোঃ-বড়চাপা, থানা-মনোহরদী, নরসিংদী

পক্ষে উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

এ, লতিফ
---------
৪/৮/৯৪ইং

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নং অ/১৭(নতুন)/নরসিংদী/ /৩০২৭ তারিখ ২৫/৪/৯৫

প্রেরক: বিদ্যালয় পরিদর্শক।

প্রাপক: প্রধান শিক্ষক/শিক্ষিকা,
প্রস্তাবিত জামালপুর আদর্শ উচ্চ বিদ্যালয়/~~মাধ্যমিক বিদ্যালয়~~
ডাকঘর বড় চাপা থানা মনোহরদী জেলা নরসিংদী

**বিষয়: নবম শ্রেণী খোলার একাডেমিক অনুমতি।**

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে জানানো যাইতেছে যে বোর্ড উক্ত বিদ্যালয়ে আরোপিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ ১-১-৯৫ ইং তারিখ হইতে অস্থায়ীভাবে নবম শ্রেণী খোলার একাডেমিক অনুমতি দান করিয়াছেন।

**আবশ্যিক বিষয়সমূহ:** (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত ও (ঘ) ভূগোল, (ঙ) ধর্ম শিক্ষা, (চ) কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান।

**নৈর্বাচনিক বিষয়সমূহ:** ২। প্রথম গ্রুপ (ক) সাধারণ বিজ্ঞান, (খ) সমাজ বিজ্ঞান, (সাধারণ বিজ্ঞানের পরিবর্তে) (গ) ইতিহাস, (ঘ) অর্থনীতি, (ঙ) পৌরনীতি।
৩। দ্বিতীয় গ্রুপ।

## শর্তসমূহ

১। বিদ্যালয়ের এই অনুমতিকে একাডেমিক অনুমতি বলিয়া গণ্য করা হইবে এবং এই অনুমতি প্রাপ্তির ফলে বিদ্যালয়টি [illegible] ক্ষেত্রে সরকারের উপর কোন প্রকার আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না।

২। বেসরকারী মাধ্যমিক শিক্ষা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বোর্ড রেগুলেশন ১৯৭৭ এর ৮(১) ধারা মোতাবেক একটি এডহক কমিটি গঠন করিয়া সদস্যদের নামের তালিকা খানা নির্বাহী অফিসারের মাধ্যমে পত্র ইস্যুর ৩০ দিনের মধ্যে এই অফিসে পাঠাইতে হইবে।

৩। একজন প্রশিক্ষণ প্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক, একজন শরীর চর্চা শিক্ষক নিয়োগ করিতে হইবে।

৪। পাঠাগারের জন্য পৃথক কক্ষের ব্যবস্থা করিতে হইবে এবং ৫০০০/= টাকার বই ক্রয় করিতে হইবে।

৫। প্রশিক্ষণ বিহীন শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাইতে হইবে।

৬। বিদ্যালয় প্রাঙ্গনে অর্থকরী ও বনজ বৃক্ষ রোপন করিতে হইবে।

৭। সংশ্লিষ্ট তহবিলের অর্থ বোর্ডের পূর্বানুমতি ব্যতীত উঠানো যাইবেনা।

সত্যায়িত /
(স্বাক্ষর) ২৫.১১.৯৫

ঢাকা অঞ্চলের/বরবনিয়ের অঞ্চলের উপ-পরিচালকের নিকট থেকে উপরোক্ত শর্তাদি পূরণ ও বিদ্যালয়টি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট এবং প্রধান স্বীকৃতি ফিস বাবদ ১৫০০/= টাকার সোনালী ব্যাংকের ড্রাফট পাওয়ার পর বিদ্যালয়টিকে ১-১-১৯৯৭ থেকে প্রধান স্বীকৃতি দানের বিষয় বিবেচনা করা হইবে।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

---

স্মারক নং.................................... তারিখ....................................

সদয় অবগতির জন্য অনুলিপি পাঠানো হল :—

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

২। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষা পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেকাট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা—১২০৭।

৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা/বরবনিয়ের অঞ্চল, ময়মনসিংহ।
তাঁর ৬-৮-৯৭ তারিখের ১২০৮ নং চিঠি।

৪। জেলা প্রশাসক, নরসিংদী।

৫। প্রধান শিক্ষক, চর রমারামপুর আদর্শ উচ্চ বিদ্যালয়
পোঃ বড়চাপা থানা মনোহরদী জেলা নরসিংদী।

৬। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।

৭। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৮। রেজিষ্ট্রেশন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

" ৫৭, জান /

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নথি নং - বিদ্যালয় শাখা/NARSINGDI/112616/2202196 তারিখঃ ০৮-০৪-২০২২

বিষয়ঃ **বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, JAMALPUR ADARSHA HIGH SCHOOL-কে ০১-০১-২০২২ তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে অস্থায়ীভাবে স্বীকৃতি নবায়ন করা হলো। জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতি নবায়নের জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

**শর্তসমূহঃ**

১। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
২। হালনাগাদ সরকারি অডিট সম্পন্ন করে রিপোর্ট দাখিল করতে হবে।
৩। সতন্ত্র বিজ্ঞানাগারসহ বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
৪। সতন্ত্র গ্রন্থাগারসহ বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক সৃজনশীল সম্বলিত আরো ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
৫। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরি এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
৬। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
৭। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে যাবার সুযোগ দিতে হবে।
**৮। বিদ্যালয়ের সমস্ত জমি বিদ্যালয়ের নামে নামজারী ও খারিজ খতিয়ান এবং হালসন নাগাদ খাজনা পরিশোধ করে বোর্ডকে অবহিত করতে হবে।**

প্রাপকঃ প্রধান শিক্ষক
JAMALPUR ADARSHA HIGH SCHOOL
MANOHARDI, NARSINGDI.

চেয়ারম্যানের আদেশক্রমে
স্বাঃ
**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নথি নং - বিদ্যালয় শাখা/NARSINGDI/112616/2202196 তারিখঃ ০৮-০৪-২০২২

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, NARSINGDI.
৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬। জেলা শিক্ষা অফিসার, NARSINGDI.
৭। অফিস কপি।

০৮-০৪-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

এই আদেশটি অনলাইন এপ্লিকেশনের এর মাধ্যমে সম্পন্ন করা হল।